গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowca.gov.bd



স্মারক নম্বর ৩২.০০.০০০০.০০০.০৩৭.২২.০০০১.২৬(ক).৬৪৬

তারিখ: ২৩ কার্তিক ১৪৩৩
০৮ নভেম্বর ২০২৬

বিষয়: নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত 'নির্যাতিত, দু:স্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা ২০২৬' এর উপর মতামত প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত 'নির্যাতিত, দু:স্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা ২০২৬' এর উপর মতামত (যদি থাকে) আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: খসড়া 'নির্যাতিত, দু:স্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা ২০২৬'

০৮.১১.২০২৬
(মরিয়ম বেগম)
সহকারী সচিব
ফোন-০২-৫৫১০০৬৪৩

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: রোকসানা রহমান, যুগ্মসচিব, বিধি-৩ অধিশাখা অধিশাখা);
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: মোহাম্মদ সাদেকুর রহমান, যুগ্মসচিব, সমীক্ষা অধিশাখা);
৪. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: মোঃ মুনিরুজ্জামান, যুগ্মসচিব (ড্রাফটিং) এবং সংসদ সমন্বয়ক)];
৫. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: শম্পা কুন্ডু, উপসচিব, আইন কোষ ও বিধি শাখা);
৬. সচিব, স্বাস্থ্য ও সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা;
১১. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা (মাঠ পর্যায় থেকে মতামত সংগ্রহের অনুরোধসহ);
১২. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা;
১৩. ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডশন, ঢাকা;
১৪. মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা;
১৫. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রোগ্রামার, আইসিটি, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (খসড়া 'নির্যাতিত, দু:স্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা ২০২৬' ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। অফিস কপি।

খসড়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্যাতিত, দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা, ২০২৬

নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অক্টোবর, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নীতিমালা

তারিখ:----------১৪৩৩ বঙ্গাব্দ/----------২০২৬ খ্রিষ্টাব্দ

নং- /২০২৬। **যেহেতু**, দুর্ঘটনা, প্রাকৃতিক দুর্যোগ, সহিংসতা ও দুরারোগ্য ব্যধির কারণে অনেক নারী ও শিশুর জীবন দুর্বিসহ, শোচনীয় অবস্থায় পতিত হয়; এবং

যেহেতু, নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশুদের সহায়তা প্রদানের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন **'নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল'** পরিচালনার জন্য ২০০৪ সালে নীতিমালা প্রণয়ন করা হইয়াছিল; এবং

যেহেতু, শারীরিক ও মানসিক নির্যাতনের ফলে ক্ষতিগ্রস্ত এবং আর্থিকভাবে অসচ্ছল নারী ও শিশুদের চিকিৎসার জন্য সহায়তা প্রদান করা আবশ্যক; এবং

যেহেতু, অতিশয় দরিদ্র পরিবারের শিশুদের লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য আর্থিক সহায়তা প্রদান করা প্রয়োজন: এবং

যেহেতু, প্রাকৃতিক দুর্যোগের কারণে ক্ষতিগ্রস্ত কিংবা সমাজ ও পরিবার কর্তৃক পরিত্যক্ত নারী ও শিশুদের আর্থিক সহায়তা প্রদান করা প্রয়োজন; এবং

সেহেতু, এতদুদ্দেশ্যে বিদ্যমান নীতিমালা যুগোপযোগী ও অধিকতর কার্যকর করার লক্ষ্যে নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করা হইল, যথা:—

১। শিরোনাম: এই নীতিমালা 'নির্যাতিত, দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনা নীতিমালা, ২০২৬' নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।

(ক) দুঃস্থ : অত্যন্ত দরিদ্র, সহায়-সম্বলহীন, অতিশয় অভাবগ্রস্ত বা দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত মহিলা ও শিশুকে বুঝাইবে;

(খ) তহবিল : সরকারি মঞ্জুরি, সরকার কর্তৃক অনুমোদিত (দেশি/বিদেশি) উৎস হইতে প্রাপ্ত অনুদান এবং তহবিলের বিনিয়োগ হইতে প্রাপ্ত লভ্যাংশকে বুঝাইবে;

(গ) সরকার : নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে বুঝাইবে;

(ঘ) বোর্ড অব ট্রাস্টি : অনুচ্ছেদ ৫ এ বর্ণিত বোর্ড অব ট্রাস্টিকে বুঝাইবে।

(ঙ) নির্বাহী পরিষদ: অনুচ্ছেদ ৬ এ উল্লিখিত নির্বাহী পরিষদকে বুঝাইবে;

(চ) শিশু : ১৮ বৎসরের কম বয়সী যে কোন ব্যক্তিকে বুঝাইবে;

(ছ) নির্যাতিত: শারীরিক, মানসিক, যৌন, পারিবারিক, সামাজিক বা অন্য কোন নির্যাতনের শিকার নারী ও শিশুকে বুঝাইবে;

(জ) অনুদানযোগ্য অর্থ: বিনিয়োগকৃত অর্থ হইতে প্রাপ্ত লভ্যাংশের ৮০% অর্থকে বুঝাইবে।

৩। তহবিলের উদ্দেশ্য।

তহবিলের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) নির্যাতিত, দুঃস্থ ও আর্থিক দুর্দশাগ্রস্ত নারী ও শিশুদের চিকিৎসার জন্য আর্থিক সাহায্য প্রদান;
(খ) অতিশয় দরিদ্র পরিবারের শিশুদের পড়ালেখার জন্য এককালীন আর্থিক সহায়তা প্রদান;
(গ) প্রাকৃতিক দুর্যোগ, শারীরিক নির্যাতনে ক্ষতিগ্রস্ত এবং পরিত্যক্ত নারী ও শিশুদের জন্য আর্থিক সাহায্য প্রদান।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নাশিনিপ্র শাখা
বাংলাদেশ সচিবালয়

৪। **তহবিলের উৎস।**

(ক) সরকারি মঞ্জুরি;

(খ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন বৈধ উৎস (দেশি/বিদেশি) হইতে প্রাপ্ত মঞ্জুরি/অনুদান/সাহায্য;

(গ) তহবিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত লভ্যাংশ।

৫। বোর্ড অব ট্রাস্টি।

তহবিল পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বোর্ড অব ট্রাস্টি থাকিবে :

(১) মন্ত্রী/প্রতিমন্ত্রী, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সভাপতি
(২) সিনিয়র সচিব/সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সহ-সভাপতি
(৩) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা----------সদস্য
(৪) অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব (নাশিনিপ্র), নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ----------সদস্য
(৫) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(৬) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(৭) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(৮) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি)----------সদস্য (যুগ্মসচিব পর্যায়ের)
(৯) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(১০) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(১১) মহা-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর----------সদস্য
(১২) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি----------সদস্য
(১৩) এনজিও বিষয়ক ব্যুরোর প্রতিনিধি----------সদস্য
(১৪) সিভিল সার্জন, সচিবালয় ক্লিনিক----------সদস্য
(১৫) স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (১ জন) ----------সদস্য
(১৬) স্বেচ্ছাসেবী শিশু সংগঠনের প্রতিনিধি (১ জন)----------সদস্য
(১৭) যুগ্মসচিব/উপ-সচিব (নাশিনিপ্র), নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সদস্য-সচিব

বোর্ড অব ট্রাস্টির সভাপতি, স্বেচ্ছাসেবী মহিলা ও শিশু সংগঠনের প্রতিনিধিগণকে কমিটির সদস্য হিসাবে মনোনয়ন প্রদান করিবেন। সভাপতি কর্তৃক মনোনীত সদস্যগণ মনোনয়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বছরের জন্য স্বীয় পদে বহাল থাকিবেন। তবে শর্ত থাকে যে, সভাপতি উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল মনোনীত সদস্যের সদস্য পদ বাতিল করিতে পারিবেন এবং সদস্যগণও সভাপতি বরাবর স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় পদত্যাগ করিতে পারিবেন। পরবর্তী সময়ে অবশিষ্ট মেয়াদের জন্য সভাপতি নতুন সদস্য মনোনয়ন দিতে পারিবেন।

বোর্ড অব ট্রাস্টির কার্যপরিধি:

(১) নীতিমালা অনুযায়ী তহবিল পরিচালনা এবং উহার উদ্দেশ্য সাধনে কার্যকরী ব্যবস্থা গ্রহণ;

(২) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব অনুমোদন;

(৩) তহবিল সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে নীতিমালা সংশোধন;

(৪) প্রতি বৎসর তহবিল পরিচালনার জন্য বাজেট অনুমোদন;

(৫) নিরীক্ষা প্রতিবেদন পর্যালোচনা ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

বোর্ড অব ট্রাস্টির সভা:

(১) বোর্ড অব ট্রাস্টি প্রতি অর্থবছরে অন্ততঃপক্ষে ২ (দুই) টি সভায় মিলিত হইবেন। সভাপতির অনুমতিক্রমে বোর্ড অব ট্রাস্টি প্রয়োজনে যে কোন সময় জরুরি সভাও আহবান করিতে পারিবেন;

৬। নির্বাহী পরিষদ।

তহবিলের কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে একটি নির্বাহী পরিষদ গঠিত হইবে:

(১) সিনিয়র সচিব/সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সভাপতি
(২) অতিরিক্ত সচিব (নাশিনিপ্র), নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সদস্য

(৩) যুগ্মসচিব (নাশিনিপ্র), নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সদস্য
(৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(৫) সমাজকল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)----------সদস্য
(৬) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)-----সদস্য
(৭) মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর----------সদস্য
(৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সদস্য
(৯) উপসচিব (নাশিনিপ্র), নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়----------সদস্য-সচিব

নির্বাহী পরিষদের কার্যপরিধি।

(ক) নীতিমালা অনুযায়ী তহবিল পরিচালনা এবং উহার উদ্দেশ্য সাধনে কার্যকরী ব্যবস্থা গ্রহণ;

(খ) তহবিলের আয় ও ব্যয়ের হিসাব সংরক্ষণ এবং অডিটের ব্যবস্থা গ্রহণপূর্বক বোর্ড অব ট্রাস্টির সভায় উপস্থাপন;
(গ) তহবিল সংক্রান্ত প্রয়োজনীয় নীতিমালা সংশোধনের সুপারিশ প্রদান;

(ঘ) প্রতি বছর তহবিল পরিচালনার জন্য বাজেট প্রণয়ন;

(ঙ) বোর্ড অব ট্রাস্টি কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন;

নির্বাহী পরিষদের সভা:

নির্বাহী পরিষদ প্রয়োজন অনুযায়ী সভায় মিলিত হইবেন।

৭। অর্থ সাহায্য/মঞ্জুরির ক্ষমতা।

(ক) বোর্ড অব ট্রাস্টির সভার অনুমোদনক্রমে তহবিলের অনুদানযোগ্য অর্থ হইতে আবেদনকারীর অনুকূলে সাহায্য হিসাবে অর্থ মঞ্জুর করিতে পারিবেন;

(খ) জরুরি প্রয়োজনে তাৎক্ষণিকভাবে বোর্ড অব ট্রাস্টির সভাপতি ১টি আবেদনের বিপরীতে সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা পর্যন্ত অর্থ সাহায্য প্রদান করিতে পারবেন। তবে কোন অর্থবছরে এই সাহায্য সর্বমোট ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার অধিক হইবে না। সভাপতি কর্তৃক প্রদত্ত এই তাৎক্ষণিক ও জরুরি সাহায্য বোর্ড অব ট্রাস্টির পরবর্তী সভায় ভূতাপেক্ষ অনুমোদন করিয়া নিতে হইবে;

(গ) নির্বাহী পরিষদ জরুরি প্রয়োজনে তাৎক্ষণিকভাবে প্রতিটি ক্ষেত্রে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত সাহায্য প্রদান করিতে পারিবে। তবে কোন অর্থবছরে এই সাহায্যের পরিমাণ ২৫ (পঁচিশ) লক্ষ টাকার অধিক হইবে না। নির্বাহী পরিষদ কর্তৃক ব্যয়িত অর্থ বোর্ড অব ট্রাস্টির পরবর্তী সভায় ভূতাপেক্ষ অনুমোদন করিয়া নিতে হইবে।

৮। তহবিল পরিচালনা।

নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'নির্যাতিত, দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল'টি পরিচালিত হইবে। এই ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করিতে হইবে।

(ক) প্রাপ্ত অনুদান সরকারি তফসিলী ব্যাংকে FDR অথবা সরকারের Treasury Bill ক্রয় অথবা সরকার অনুমোদিত অন্য কোন খাতে ১ বছর মেয়াদে বিনিয়োগ করা যাইবে;

(খ) বিনিয়োগকৃত অর্থের লভ্যাংশের ৮০% একটি চলতি হিসাবে রাখিয়া অনুচ্ছেদ নম্বর ৩ এ বর্ণিত উদ্দেশ্যে ব্যবহার করিতে হইবে;
(গ) উক্ত লভ্যাংশের ১০% অর্থ তহবিল পরিচালনার সাথে যুক্ত কর্মচারীদের বেতন-ভাতাসহ অন্যান্য আনুষাঙ্গিক খরচ মিটানোর জন্য সরকারি তফসিলী ব্যাংকে পৃথক একটি সঞ্চয়ী হিসাব খুলিতে হইবে;
(ঘ) লভ্যাংশের অবশিষ্ট ১০% অর্থ বিনিয়োগযোগ্য মূলধন (seed money) এর সহিত যোগ করিয়া বিনিয়োগ করিতে হইবে;

(ঙ) মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা তহবিলের কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করিবেন;

(চ) উপসচিব (নাশিনিপ্র) এবং কোষাধ্যক্ষের যৌথ স্বাক্ষরে তহবিল পরিচালিত হইবে;
(ছ) নির্বাহী পরিষদ অর্থবছরের শুরুতে তহবিলের পূর্ববর্তী অর্থবৎসরের আয়-ব্যয়ের হিসাব বোর্ড অব ট্রাস্টির নিকট অনুমোদনের জন্য পেশ করিবেন।

৯। অর্থ সাহায্যের জন্য আবেদন দাখিল সংক্রান্ত নিয়মাবলি।

(ক) (i) আবেদনকারীকে নির্যাতিত, অসহায় বা দুঃস্থ নারী অথবা শিশু হইতে হইবে;

(ii) আবেদনের সপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র/ প্রমাণক দাখিল করিতে হইবে;

(iii) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হইতে হইবে।

(খ) অর্থ সাহায্যের জন্য আবেদনকারীকে নির্ধারিত ফরমে উপজেলা কমিটির সভাপতি বরাবর এবং সিটি কর্পোরেশন বা পৌরসভার আওতাধীন আবেদনকারীকে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন অথবা পৌরসভা কমিটির সভাপতি/মনোনীত কর্মকর্তা বরাবর আবেদন দাখিল করিতে হইবে।

(গ) ইহা ছাড়া নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সিনিয়র সচিব/সচিব অথবা সভাপতি, বোর্ড অব ট্রাস্টি, নির্যাতিত, দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর অর্থ সাহায্যের জন্য সরাসরি আবেদনপত্র দাখিল করিতে পারিবেন।

(ঘ) উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশন কমিটি বরাবর দাখিলকৃত আবেদনসমূহ যাচাই বাছাই করার পর সুপারিশসহ নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করিবেন।

(ঙ) উপানুচ্ছেদ (ঘ) অনুযায়ী প্রাপ্ত আবেদনসমূহের বিষয়ে নির্বাহী পরিষদ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

(চ) আবেদনকারী অনুদান প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ৩ বছরের মধ্যে পুনরায় আবেদন করিতে পারিবেন না।

১০। উপকমিটি।

আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করার লক্ষ্যে নির্বাহী কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য সমন্বয়ে একটি উপকমিটি গঠন করিতে পারিবেন।

১১। স্থানীয় কমিটি গঠন।

নির্যাতিত, দুঃস্থ নারী ও শিশু কল্যাণ তহবিল পরিচালনার জন্য নিম্নোক্ত কমিটি দায়িত্ব পালন করিবেন:

ক) উপজেলা কমিটি।

(১) উপজেলা নির্বাহী অফিসার----------সভাপতি
(২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা----------সদস্য
(৩) উপজেলা সমাজসেবা কর্মকর্তা----------সদস্য
(৪) সভাপতি কর্তৃক মনোনীত স্থানীয় মহিলা কলেজের অধ্যক্ষ----------সদস্য
(যে উপজেলায় কোন মহিলা কলেজ নেই সেখানে বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক)
(৫) উপজেলার জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান (যদি থাকে)----------সদস্য
(৬) উপজেলা সদরে পৌরসভা/ইউনিয়ন পরিষদের নির্বাচিত মহিলা----------সদস্য
সদস্য (একজন) (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত)
(৭) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা----------সদস্য-সচিব

উপজেলা কমিটির কার্যপরিধি।

(ক) উপজেলা কমিটি প্রতি অর্থবছরে কমপক্ষে ৩ (তিন) বার সভায় মিলিত হইবেন এবং অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ যাচাই বাছাই করিয়া সুপারিশসহ সিনিয়র সচিব/সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করিবেন।

(খ) উপজেলা কমিটি প্রয়োজনবোধে অনধিক ২ জন সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

(গ) উপজেলা কমিটি, সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত উপজেলার অন্য এলাকার আবেদন বিবেচনা করিবেন।

খ) পৌরসভা কমিটি।

(১) মেয়র, পৌরসভা----------সভাপতি
(২) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা----------সদস্য
(৩) উপজেলা সমাজসেবা কর্মকর্তা----------সদস্য
(৪) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা (জেলা কমিটি)----------সদস্য

(৫) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় কলেজের অধ্যক্ষ---------- সদস্য
(৬) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত স্থানীয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (একজন)----সদস্য
(৭) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা----------সদস্য
(৮) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ----------সদস্য-সচিব
(পৌরসভার অবস্থানগত কারণ বিবেচনায় উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা)

পৌরসভা কমিটির কার্যপরিধি।

(ক) পৌরসভা কমিটি প্রতি অর্থবছরে কমপক্ষে ৩ (তিন) বার সভায় মিলিত হইবেন এবং অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই করিয়া সুপারিশসহ সিনিয়র সচিব/সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করিবেন।

(খ) পৌরসভা কমিটি প্রয়োজনবোধে অনধিক ২ জন সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

গ) সিটি কর্পোরেশন কমিটি।

(১) মেয়র অথবা মেয়র কর্তৃক মনোনীত কর্মকর্তা----------সভাপতি
(২) সিভিল সার্জন ----------সদস্য
(৩) উপপরিচালক, সমাজসেবা----------সদস্য
(৪) মেয়র কর্তৃক মনোনীত মহিলা ওয়ার্ড কমিশনার (একজন)----------সদস্য
(৫) মেয়র কর্তৃক মনোনীত স্থানীয় স্বেচ্ছাসেবী মহিলা সংগঠনের প্রতিনিধি (একজন)----------সদস্য
(৬) স্বেচ্ছাসেবী শিশু সংগঠনের ১ জন প্রতিনিধি (মেয়র কর্তৃক মনোনীত)----------সদস্য
(৭) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা----------সদস্য
(৮) উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ----------সদস্য সচিব

সিটি কর্পোরেশন কমিটির কার্যপরিধি।

(ক) সিটি কর্পোরেশন কমিটি প্রতি অর্থবছরে কমপক্ষে ৩ (তিন) বার সভায় মিলিত হইবেন এবং অনুদানের জন্য প্রাপ্ত আবেদনপত্রসমূহ নীতিমালা অনুযায়ী যাচাই বাছাই করিয়া সুপারিশসহ সিনিয়র সচিব/সচিব, নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করিবেন।

(খ) সিটি কর্পোরেশন কমিটি প্রয়োজনে অনধিক ২ জন সদস্য কো-অপ্ট করিতে পারিবেন।

১২। জনবল।

ক) তহবিলের কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় বিধি-বিধান অনুসরণপূর্বক নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় সংখ্যক পদ সৃজনের ব্যবস্থা গ্রহণ করিবেন।

খ) উপঅনুচ্ছেদ 'ক' অনুযায়ী জনবল নিয়োগ না হওয়া পর্যন্ত অন্তবর্তীকালীন ব্যবস্থা হিসেবে বিদ্যমান জনবল দিয়া কার্যক্রম পরিচালনা করা যাইবে এবং তহবিলের আয় অর্থাৎ অনুচ্ছেদ ৮ (গ) এ বর্ণিত লভ্যাংশের ১০% অর্থ হইতে তাহাদের বেতন-ভাতাদি সরকারি নিয়মে পরিশোধ করিতে হইবে। প্রয়োজনবোধে তহবিলের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সরকারি কর্মকর্তা/কর্মচারীকে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী পদায়ন, সংযুক্তি বা প্রেষণে নিয়োজিত করা যাইবে;

গ) নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের হিসাবরক্ষণ কর্মকর্তা তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে তহবিলের হিসাবরক্ষণ কর্মকর্তা কাম কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করিবেন।

১৩। অফিস সরঞ্জাম।

এই তহবিল সুষ্ঠুভাবে পরিচালনা লক্ষ্যে অনুচ্ছেদ ৮ (গ) এ বর্ণিত অর্থ দ্বারা প্রয়োজনীয় অফিস সরঞ্জাম/ আসবাবপত্র এবং স্টেশনারি সামগ্রী ক্রয় করা যাইবে।

১৪। ব্যাখ্যা প্রদানের ক্ষমতা।

এই নীতিমালার কোনো বিষয়ে অস্পষ্টতা পরিলক্ষিত হইলে উক্ত বিষয়ে নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

১৫। পর্যালোচনা।

সময়ে সময়ে নারী ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নীতিমালার প্রয়োজনীয় সংশোধন, সংযোজন বিয়োজন হালনাগাদ করিতে পারিবে।

১৬। রহিতকরণ ও হেফাজত।

(১) এই নীতিমালা কার্যকর হইবার সঙ্গে সংঙ্গে 'নির্যাতিত, দুঃস্থ মহিলা ও শিশু কল্যাণ তহবিল নীতিমালা, ২০০৪' রহিত হইবে।

(২) উপানুচ্ছেদ ১৬.১ এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত রহিত নীতিমালার অধীন ইতোমধ্যে সম্পাদিত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত কোনো আদেশ বা নির্দেশ এই নীতিমালার অধীন সম্পাদিত, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা আইনানুগভাবে কার্যকর থাকিবে, যদি না এই নীতিমালার কোনো বিধানের সহিত অসাসঞ্জস্যপূর্ণ হয়।

(মোছাম্মৎ হাসিনা আক্তার)
উপসচিব
ফোন-০২-৫৫১০০৬৪৩

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
নাশিনিপ শাখা
বাংলাদেশ সচিবালয়